



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 16 Oct. 26

TIME: 7:35 AM

ৰাজ্যে আগামী বছৰ থেকে মুখ্যমন্ত্ৰীৰ নিযুত মইনা ও নিযুত বাবু প্রকল্পের পৰিসৰ আৰো বৃদ্ধি করে শ্রীমন্ত শঙ্কৰদেব বিশ্ববিদ্যালয়, আউনীআটি বিশ্ববিদ্যালয়, কৃষ্ণগুৰু আধ্যাত্মিক বিশ্ববিদ্যালয় এবং প্রাগজ্যোতিষপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরও অন্তৰ্ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে । মুখ্যমন্ত্ৰী ডঃ হিমন্তবিশ্ব শৰ্মা গতকাল মুখ্যমন্ত্ৰীৰ নিযুত মইনা এবং নিযুত বাবু প্রকল্পের অক্টোবর মাসের প্রথম কিস্তির অর্থ প্রদান করে বলেন যে নিযুত মইনা প্রকল্পে এ এন এম, জি এন এম এবং বি এস সি নার্সিং শিক্ষার্থীদেরকেও অন্তৰ্ভুক্ত করা হবে । মুখ্যমন্ত্ৰী একইসঙ্গে ভবিষ্যতে এই আর্থিক সাহায্যের পরিমাণ বৃদ্ধির বিষয়ে ৰাজ্য সরকার বিবেচনা করবে বলে জানিয়েছেন ।

মুখ্যমন্ত্ৰী আৰো জানান-----

এই প্রকল্পের মাধ্যমে ৰাজ্যের ৫ লক্ষ ৪২ হাজার ছাত্র-ছাত্রী উপকৃত হবে । নিযুত মইনা প্রকল্পের অধীনে একাদশ এবং দ্বাদশ শ্ৰেণীৰ ছাত্রীদের ৮০০

টাকা করে, স্নাতক স্তরের ছাত্রীদের এক হাজার ২৫০ টাকা করে, স্নাতকোত্তর এবং বি-এড স্তরের ছাত্রীদের দুহাজার ৫০০ টাকা করে এবং পলিটেকনিকের ছাত্রীদের আটশো টাকা করে প্রদান করা হয়েছে। অনুরূপভাবে নিযুক্ত বাবু প্রকল্পের অধীনে স্নাতক স্তরের ছাত্রদের এক হাজার টাকা করে এবং স্নাতকোত্তর ছাত্রদের দুহাজার টাকা করে প্রদান করা হয়েছে।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল এই দুটি প্রকল্পের আওতায় ছাত্র-ছাত্রীদের চেক প্রদান করা হয়েছে। সমগ্র কাছাড় জেলায় এই প্রকল্পের অধীনে ২৮ হাজার ৩শ ৩৭টি চেক বিতরণ করা হয়েছে। এরমধ্যে ২৪ হাজার ৯০৭টি চেক নিযুক্ত মইনা প্রকল্পের এবং তিন হাজার ৪৩০টি চেক নিযুক্ত বাবু প্রকল্পের বিতরণ করা হয়েছে।

.....

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা গতকাল খানাপাড়ার আন্তঃরাজ্য বাস টার্মিনাসে উত্তর-পূর্বাঞ্চলের প্রথম ভিসা আবেদন কেন্দ্রের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন- এই কেন্দ্রটি চালু হওয়ার ফলে ইউরোপের ২৮টি দেশ সহ মোট ৪২টি দেশ ভ্রমণের জন্যে গুয়াহাটিতে ভিসা আবেদন করার পথ প্রশস্ত হবে। মুখ্যমন্ত্রী বলেন যে- এই কেন্দ্রটি উত্তর-পূর্বাঞ্চলের জনসাধারণের দীর্ঘদিনের অভাব পূরণ করবে।

.....

রাজ্যের খাদ্য,গ্রাহক পরিক্রমা ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই সেবা সংকল্প অভিযানের অংশ হিসেবে গতকাল কাছাড় জেলার লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের ৩শো ৩২ জন আশা কর্মী ও পর্যবেক্ষকের হাতে শংসা

পত্র ও আর্থিক সহায়তা তুলে দিয়েছেন । মন্ত্রী শ্রীরাই প্রত্যেক আশা কর্মী ও পর্যবেক্ষকের হাতে উপহারস্বরূপ এক হাজার টাকার চেক তুলে দেন ।

শ্রীভূমি জেলা পুলিশের যানবাহন নিয়ন্ত্রন শাখা থেকে শারদীয়া দুর্গা পূজার সময় যান বাহন নিয়ন্ত্রনে কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে আগামীকাল থেকে আগামী ২১শে অক্টোবর পর্যন্ত প্রতিদিন দুপুর দুটো থেকে সবধরনের বানিজ্যিক যানবাহন তথা অটোরিক্সা , ই-রিক্সা ও ঠেলা শ্রীভূমি শহরে প্রবেশ করতে পারবে না । পাশাপাশি ভারী , মধ্যম ও হালকা যাত্রীবাহী ও পণ্যবাহী যান পৌর এলাকায় চলাচল করতে পারবে না এবং পূজো মন্ডপের সামনে রাখা যাবে না । এই সময়ে ছত্তর বাজার পয়েন্ট থেকে এ ও সি পয়েন্ট পর্যন্ত কোন ধরনের যানবাহন চলাচল করতে পারবে না । এছাড়া বদরপুরের দিক থেকে আসা যানবাহন সেনকো পেট্রলপাম্প ও পাথারকান্দির দিক থেকে আসা যানবাহন কানিশাইল সুমো স্ট্যান্ড পর্যন্ত চলাচল করতে পারবে । লক্ষীবাজার দিক থেকে আসা যানবাহন সেন্ট্রাল ব্যাঙ্ক পর্যন্ত এবং ফকিরাবাজার দিক থেকে আসা যানবাহন মাইজডিহি জিয়া টিম্বার পর্যন্ত চলাচল করতে পারবে ।

পুলিশ প্রশাসন থেকে জানানো হয়েছে যে পুলিশ কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-৮০৯৯৬৬২২৭৫ । জনগন যাতে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে চলাফেরা করে শারদ উৎসব উপভোগ করতে পারেন , সেজন্য শ্রীভূমি জেলা পুলিশের যানবাহন নিয়ন্ত্রন শাখা থেকে জেলার সব নাগরিকদের সহযোগীতা কামনা করা হয়েছে ।

শ্রীভূমি জেলার আসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে এবং আসাম রাজ্য গ্রামীণ জীবিকা মিশনের সহযোগীতায় গতকাল বদরপুর উন্নয়ন খন্ডের অধীন চৈতন্য নগরে স্তন ক্যান্সার সচেতনতা ও স্ক্রিনিং শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে সি ও পি দলের ডক্টর রাজদীপ সেন স্তন ক্যান্সারের প্রাথমিক লক্ষন , উপসর্গ , স্ব-স্তন পরীক্ষা পদ্ধতি এবং করণীয় ও বর্জনীয় বিষয় সম্পর্কে আলোচনা করেন। এছাড়া সচেতনতা শিবিরে হিউম্যান পিপিলামা ভাইরাস টীকাকরনের গুরুত্ব , জরায়ুর মুখে ক্যান্সার প্রতিরোধ এবং শিলচর ক্যান্সার সেন্টারে উপলব্ধ বিভিন্ন সরকারী প্রকল্প , চিকিৎসা সুবিধা ও রোগী সহায়তা পরিষেবা নিয়ে আলোচনা করা হয়েছে।
